

পুজোর সাজে রঙের মেলা



এবার পুজোয় উজ্জ্বল রঙের
দাপট বাড়বে। তেমনই রং ঝলমল
পুজোর সাজে সেজেছেন
অভিনেত্রী মনামি ঘোষা। তাঁর
সাজের বর্ণনায় সোমা লাহিড়ী।

বাইরে উথাল পাখাল বাতাস। শ্রাবণী দিন কখনও ঘনমেঘে আঁধার, কখনও
ভুলোর মতো ধবধবে সাদা মেঘ জানান দিচ্ছে শরতের আগমন। সব মিলিয়ে
মেজাজটা পুজো পুজো। আর ডিজাইনাররাও ব্যস্ত পুজোর শাড়ি সাজাতে।
আজ আমাদের চারপাশের জন্য পুজোর সাজে সেজেছেন অভিনেত্রী মনামি ঘোষা। চার
ডিজাইনারের থেকে পুজোর চারদিনের শাড়ি বেছেছেন নায়িকা।

সপ্তমীতে নেট

‘ষষ্ঠীর দিন এবার ছুটি পাব না গো। তাই মনটা খুব দমে আছে। তবে ষষ্ঠীর কাজ
শেষ মানেই টানা চারদিন মজা আর মজা।’ বলতে বলতে মনামির চোখে ঝিলিক।
‘অন্যসময় তো সেভাবে শাড়ি পরা হয়ে ওঠে না।
‘তাই পুজোর চারদিন শাড়ি পরব আর খুব আড্ডা দেব। সপ্তমীর দিন পরার জন্য
বেছেছি নেট আর জরির কাজ করা কটন শাড়ি।’ শাড়িটি ‘নান্দনিক’ থেকে নেওয়া।
ডিজাইনার সঙ্ঘমিত্রা চৌধুরি জানানলেন, ‘তাঁর পুজো স্পেশাল শাড়ির মধ্যে রয়েছে
এই নেটের কারুকাজ। এটি একটু অন্যরকম কটনে যেমন হচ্ছে, তেমনই সিল্ক ও
তসরেও হচ্ছে। দেখতে ভারি সুন্দর। এছাড়াও সিল্ক ও তসরে কচ্ছিকওয়ার্ক, পার্শিওয়ার্ক
ও কাশ্মীরি ওয়ার্ক হচ্ছে।

ভাগলপুরী কোথা দিচ্ছেরও খুব ভালো কালেকশন রয়েছে নান্দনিকে। বাটিক,
মধুবনী পেটিং, অ্যালকোহল পেটিংও এবারের পুজো স্পেশাল।

অষ্টমীতে পেটিং

‘অষ্টমীর দিন সকালে অঞ্জলি দিতে যাওয়ার সময় তো মার শাড়ি পরি। লালপাড়
তাঁতা। তারপর দুপুরে খিচুড়ি, বেগুনি, চাটনি, পায়ের আয়েস করে খেয়ে খটখটানেক
গড়িয়ে নেব। বিকেলে ফ্লোরাল পেটিং করা একটা তসর পরব। শাড়িটার অর্ধেকটা স্কার্ট
বর্ডার, বাকিটা অলওভার ফ্লোরাল পেটিং। ভারি মিষ্টি দেখতে শাড়িটা। তাই না?’
আমার দিকে তাকিয়ে বলল মনামি। ‘সুন্দর তো বটেই, কিন্তু কিনেছ কোথা থেকে?’
জানা গেল শাড়িটি ‘অপর্ণা বুটিক’ থেকে নেওয়া।

ডিজাইনার শম্পা জানানলেন সিল্ক ও তসরে হ্যান্ডপেটিং, অ্যাসিড প্রিন্ট ও ডিসচার্জ
প্রিন্ট তাঁর এবারের পুজো স্পেশাল। আর আছে ভাগলপুরের তসর ও ঘিচা তসর।
কটন ও জুটের মিশ্র অ্যান্ড ম্যাচে তৈরি শাড়িগুলোও নতুনদের দাবি রাখে। কটনে
অলওভার জরির এমব্রয়ডারি করা শাড়ি আপনাকে মুগ্ধ করবে।

নবমীতে পার্শি

নবমী শুনেই মুখ কালো হয়ে গেল সোনারঙের মেয়ের। বলল, ‘কেন যে এত
তাড়াতাড়ি পেরিয়ে যায় দুটো দিন। তবে নবমীতে খুব সাজবে। গর্জস একটা শাড়ি
কিনেছি নবমীর সঙ্ঘের জন্যে। অলিভ গ্রিন আর মেরুন পাটলিপাল্লু সিল্ক পার্শি কাজ
করা। শাড়িটা সোবার অথচ জমকোলো। সঙ্গে স্টোনের গয়না আর ঝোঁপায় ফুল।
ব্যাস।’ ব্যাস তো হল, কিন্তু শাড়িটার ঠিকানা?

মুচকি হেসে মনামি বলল ‘মধুমিতা’ জ ফ্যাব্রিক’। দক্ষিণ কলকাতার এই বুটিকটিতে
সবসময় একটু অফ বিট ডিজাইনের শাড়ি পাবেন। পুজো স্পেশালে রয়েছে সিল্ক ও
তসরে নানা ধরনের হ্যান্ড এমব্রয়ডারি ও প্রিন্ট।

দশমীতে বাটিক

‘দশমীর বিকেল থেকে প্রচুর আত্মীয়স্বজন, বন্ধুবান্ধব আসেন বাড়িতে। তাই
ওইদিনটা কোথাও বের হই না। বাড়িতেই থাকি সেজেগুজে। এবার দশমীর জন্য একটা
মটকা বাটিক কিনেছি। মটকা সহজে ক্রাশড হয় না। তাই পরে বাড়ির কাজটাজ করা
যাবে। গোল্ডেন ইয়োলোর সঙ্গে ব্ল্যাক অ্যান্ড রেড কম্বিনেশনে ফ্লোরাল ডিজাইনে
বাটিক করা শাড়িটা খুব অন্যরকম। শাড়িটি ‘ভিবজিওর বুটিক’ থেকে নেওয়া। এদের
পুজো স্পেশাল শাড়ির মধ্যে রয়েছে সিল্ক ও মটকায় ফ্লোরাল বাটিক, পিওর তসরে
অভিনব ব্লকপ্রিন্ট, ঘিচা তসরে পার্শি পাড় বসিয়ে তৈরি শাড়ি, চান্দেদির সিল্কে বাহারি
পাড় বসিয়ে তৈরি শাড়ি। কটনে স্পেশাল আইটেম তসর কটন ও ভাগলপুরি কটনে
গোল্ড প্রিন্ট।

প্রতিটি শাড়ির সঙ্গে ম্যাচ করে গয়না পরেছে মনামি। প্রতিটিই ‘জ্যাজ জয়েলারি’
থেকে নেওয়া।

বাজনো পুজোর হাট



শাড়ি : অপর্ণা বুটিক, ২৯৩এ
জয়মন্ড হ্রদবার রোড, কল-৩৪
ফোন: ৯৩৩১২ ৮৪৩৪৪



শাড়ি : ভিবজিওর বুটিক, ২৯৩এ
জয়মন্ড হ্রদবার রোড, কল-৩৪
ফোন: ৯৩৩১২ ৮৪৩৪৪

শাড়ি : জ্যাজ জয়েলারি
আনন্দনগর রোড ০৪৭৪২
ফোন: ৯৩৩১২ ৮৪৩৪২

গ্রাফিক্স : ইন্দ্রনীল ঘোষ
ও বিশ্বনাথ পাল

শাড়ি : নান্দনিক বুটিক
৫/১ নর্থ রোড যাদবপুর
কল-৩২ ফোন: ৯৮৩১০ ৮৫৪৩৪

ছবি : সনৎ ঘোষ
মেকআপ ও হেয়ার ষ্টাইল : অনিতা সাংখ্যী ও মৌসুমি চট্টোপাধ্যায়